

## 💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৯৫৩

पूजनाप्त जानी रेत्त जाित जािन (ताः) [जानीत विर्ण शिना] (مسند على بن أبي طالب)

বাংলা

৯৫৩। ৭৬৯ নং হাদীস দ্রষ্টব্য।

৭৬৯। আলী (রাঃ) বলেছেন, যখন হাসানের জন্ম হলো আমি তার নাম রাখলাম, হারব। (অর্থাৎ যুদ্ধ।) এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এলেন। বললেনঃ আমার নাতিকে দেখাও। ওর কী নাম রেখেছ? আমি বললামঃ হারব। তিনি বললেনঃ না, বরং ওর নাম হাসান। এরপর যখন হুসাইন ভূমিষ্ঠ হলো, তখন তার নাম রাখলাম হারব। এবারও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এসে বললেনঃ আমার নাতিকে দেখাও তো। কী নাম রেখেছ ওর? বললামঃ হারব। তিনি বললেনঃ বরং ওর নাম হুসাইন। এরপর যখন তৃতীয় সন্তান ভূমিষ্ঠ হলো, তখন আবার তার নাম রাখলাম হারব। এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এলেন এবং বললেনঃ আমার নাতীকে দেখাও। কী নাম রেখেছ ওর? বললামঃ হারব। তিনি বললেনঃ বরং ওর নাম মুহাস্সিন। তারপর বললেনঃ ওদের নাম রেখেছি হারুন (আঃ)-এর সন্তানদের নামেঃ শাব্বার, শাব্বার, মুশাব্বার (অর্থাৎ এগুলোর সমার্থক হলো হাসান, হুসাইন ও মুহাস্সিন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন